Voting on Election Day

1. If this is your first time voting: most voters provide a Social Security number or driver's license when registering to vote. If you did not, you need to bring proof of identification the first time you vote. If you voted before: you are not required to provide identification. However, it may be helpful to bring your registration card from the Board of Elections.

2. If there is a problem, demand to vote by "provisional" ballot.

3. Limited English proficient voters have a right to bring someone with them to interpret. Some poll sites have translated ballots.

4. Report any voting problems to **800-966-5946** (Asian American Legal Defense & Education Fund Multilingual Voter Hotline).

투표 시 유의 사항

1.만약처음으로투표를한다면:대체로유권자들은 유권자 등록을 할 때 소셜 번호나 운전면허증번호를등록양식에기재합니다.만약기재하지않았으면 처음 투표할 때는 본인을 증명할 수 있는증거물(신분증등)을투표소에가져갈필요가있습니다.만약이전에투표를했다면:본인을증명하는증거물을제시할의무가없습니다.그런데선거관리위원회가발부한유권자등록카드를가져가면 도움이 될 것입니다.

2.문제가있는경우, "임시" 투표용지로투표할 것을 요구하십시오.

3.제한된영어실력을가진유권자들은통역하기위해 누군가를 데려올 수 있는 권리가 있습니다. 일부 투표소에는 번역된 투표 용지가 있습니다.

4. 모든 투표관련 문제들을 800-966-5946 (AALDEF다언어유권자핫라인)에신고하십시오.

在选举日当天

1. 如果这是你第一次投票:大多数人在登记选 民的时候需留下社会安全号或者驾照信息. 如果你没有提供, 你需要在第一次投票的时候携带有效的身份证明. 如果你之前投过票:你不需要提供身份证明. 最好还是携带选举委员会提供的选民登记卡.

2. 如果有问题，请要求通过临时选票投票.

3. 英语水平有限的选民有权携带翻译陪同。部分投票点配有已翻译的选票。

4. 如有任何投票问题，可致电 **800-966-5946**（AALDEF 多语言选民热线）进行报告。

নির্বাচনের দিন ভোট প্রদান

১. এটি যদি আপনার প্রথমবারের মতো ভোট প্রদান হয়ে থাকে, তাহলে অধিকাংশ ভোটার রেজিস্ট্রেশনের সময় সোস্যাল সিকিউরিটি নম্বর অথবা ড্রাইভার লাইসেন্স নম্বর দিয়ে থাকেন। আপনি যদি না দিয়ে থাকেন তাহলে প্রথমবার ভোট দিতে গেলে আপনার পরিচিতির প্রমাণ দিতে হবে। আপনি যদি আগে ভোট দিয়ে থাকেন তাহলে আপনার পরিচিতির প্রমাণের আবশ্যকতা নেই। তবে বোর্ড অব ইলেকশন থেকে দেয়া রেজিস্ট্রেশন কার্ড সাথে নিয়ে গেলে তা কাজে লাগতে পারে।

২. ভোট কেন্দ্রে ভোট প্রদান নিয়ে কোন সমস্যা দেখা গেলে আপনি ভোট দানের জন্য "প্রভিশনাল" ব্যালট চাইতে পারেন।

৩. ইংরেজীতে কম জ্ঞানসম্পন্ন মানুষেরা অনুবাদের জন্য ভোট কেন্দ্রে কাউকে সাথে নিয়ে যেতে পারেন, অনেক ভোট কেন্দ্রে বাংলায় অনুবাদিত ব্যালটও থাকে।

৪. ভোট প্রদানের সমস্যা নিয়ে অভিযোগ জানাতে এশিয়ান আমেরিকান লিগ্যাল ডিফেন্স এন্ড এডুকেশন ফান্ড-এর বহুভাষিক হটলাইনে ফোন করন, নম্বর: **৮০০-৯৬৬-৫৯৪৬**

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

মেলিসা মার্ক ভিভেরিটো- “ফিক্স দি MTA” পার্টি

ইমিগ্রেশন:

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে “পাবলিক চার্জ” এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিষ্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, “পাবলিক চার্জ” এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভূক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তর: “পাবলিক চার্জ” এর এই নতুন সংজ্ঞার বিরোধিতা করতে আমি এর উপর জনগণের মন্তব্য পেশ করেছি। ইমিগ্রান্ট ও সীমিত সামর্থের লোকজনকে ভোগান্তির শিকারে পরিণত করার জন্য এটি ট্রাম্প প্রশাসনের আরেকটি পন্থা। যদি পাবলিক চার্জ এর নতুন সংজ্ঞা চূড়ান্ত হয়, তাহলে নিউ ইয়র্ক সিটির উচিত হবে ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে মামলা দায়ের করা। এই কঠোর আইনে যেসব কমিউনিটি ক্ষতিগ্রস্ত হবে তাদেরকে সহায়তা দানের জন্যও নিউ ইয়র্ক সিটির প্রস্তুতি গ্রহণ করা উচিত এবং যারা মেডিকেইড ও এসএনএপি (ঝঘঅচ) উপর নির্ভর করেন, তারা ডিপোর্ট হওয়ার ভয়ে যাতে এই সুবিধা গ্রহণ বর্জন না করেন সেজন্যও সিটির জরুরী পরিকল্পনা নেয়া উচিত।

আবাসন:

প্রশ্ন) কমিউনিটির অপর্যাপ্ত অংশগ্রহণের মধ্য দিয়ে আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক ষ্টেট এবং নিউ ইয়র্ক সিটি তিন বিলিয়ন ডলারের ট্যাক্স ইনসেনটিভ প্রদানের চুক্তি স্বাক্ষর করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, বিশেষ করে যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তর: পরিকল্পিত প্রকল্পটি সিটি ও ষ্টেট থেকে এতো বিপুল ভর্তুকি লাভ করবে এবং পরিকল্পনাটি যেখানে বাস্তবায়িত হবে সেখানকার কমিউনিটির নিকট থেকে কোন মতামত গ্রহণ করেনি, এ ব্যাপারে আমি অত্যন্ত উদ্বিগড়ব। বিশ্বের বৃহত্তম ও বিত্তবান কোম্পানিগুলোর অন্যতম একটি কোম্পানি আমাজন বহু বিলিয়ন ডলার লাভ করবে, যা আমরা সিটি ও ষ্টেটের অন্যান্য ক্ষেত্রে বিনিয়োগ করতে পারি। তা সত্তেও আমি বিশ্বাস করি না যে, এটি চূড়ান্ত হয়েছে এবং এ সংক্রান্ত চুক্তি যে পর্যায়ে রয়েছে তা বাতিল করার জন্য আমাদের নেতৃবৃন্দের উপর চাপ সৃষ্টির করার লক্ষ্যে আমি শ্রমিকদের আন্দোলন ও এডভোকেসি গ্রুপগুলোর সঙ্গে কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। কোন প্রকল্প, যেটি ভর্তুকি লাভ করবে সেটির সুক্ষ্ম ও উচ্চতর যাচাই বাছাই প্রয়োজন।

শিক্ষা:

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তর: আমার সরকারি দায়িত্ব পালনের পুরো মেয়াদে আমি সবসময় কমিউনিটির অধিকতর সহযোগিতা ও অংশগ্রহণের পক্ষে সোচ্চার ছিলাম। আমি যে সিটি কাউন্সিলকে অংশগ্রহণমূলক বাজেট প্রণ-য়ন প্রক্রিয়া গ্রহণ করানোর পক্ষে প্রথম সদস্যদের একজন ছিলাম, এটিও তার অন্যতম একটি কারণ। আমার বিশ্বাস, আমরা যদি কমিউনিটি, অভিভাবক এবং সংশ্লিষ্ট অন্যান্যদের অংশগ্রহণ আরো বৃদ্ধি করতে পারি, তাহলে আমাদের স্কুলগুলো আরো উনড়বত হবে। পাবলিক এডভোকেট হিসেবে আমার পরিকল্পনা হবে শিক্ষা নীতি ও প্রক্রিয়ার প্রশেড়ব অভিভাবকদের সংগঠন ও কমিউনিটি নেতৃবৃন্দের সঙ্গে নিবিড়ভাবে কাজ করার মাধ্যমে তাদের বক্তব্য আমলে নেয়ার বিষয় নিশ্চিত করা।

স্বাস্থ্যসেবা:

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উনড়বয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধক সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তর: একটি সিটি হিসেবে আমরা মানুষের মানসিক স্বাস্থ্য সেবা লাভের সুযোগকে আরো সহজ করার লক্ষ্যে কাজ করে যাচ্ছি এবং এটিকে কালিমামুক্ত করতে কাজ করছি। এশিয়ান কমিউনিটি এবং অন্য যেসব কমিউনিটি মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার ক্ষেত্রে সাংস্কৃতিক বাধার সম্মুখীণ তাদের মধ্যে আমাদের প্রচারণামূলক কাজ পরিচালনা করা প্রয়োজন। এরপর আমরা এটা নিশ্চিত করার উপর গুরুত্ব দেব যে, সেবা লাভের ক্ষেত্রে ভাষা কোন বাধা নয়। এই প্রচারণমূলক অভিযানে আমি এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিসমূহের নেতৃবৃন্দের সঙ্গে কাজ করবো।

ভোটের অধিকার:

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তর: এটি এমন একটি ইস্যু যা নিয়ে আমি নিজেকে আগ্রহী বলে অনুভব করি এবং জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনকালে আমি এটা লক্ষ্য করেছি। লোকজনের জন্য ভোট প্রয়োগ সহজতর করার উপর আমাদের গুরুত্ব প্রদান করতে হবে। পাবলিক এডভোকেট হিসেবে আমি আমার অফিসের তদন্ত ও পরিদর্শন ক্ষমতা কাজে লাগিয়ে এটা নিশ্চিত করবো যে, বোর্ড অফ ইলেকশন তার কর্মীদের প্রশিক্ষণ প্রদান করছে এবং অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিন সম্পর্কে ধারণা দেয়াসহ যথাযথভাবে একটি নির্বাচন পরিচালনা করার জন্য সকল কমিউনিটির কাছে প্রয়োজনীয় সকল সুযোগ দিচ্ছে। প্রকৃত ঘটনা হচ্ছে, আমাদের ষ্টেট এখন আগাম ভোট চালু করবে এবং আমরা ডাকযোগে ‘নো-এক্সকিউজ’ ভোটের দিকে এগিয়ে যাচ্ছি, যা ভোট দানকে সহজ করবে। ভোট দান সহজ করতে এবং আমাদের নির্বাচনী প্রক্রিয়ায় ভোটারদের বক্তব্য তুলে ধরার ক্ষেত্রে ভোট দান সংক্রান্ত আইনের এই নতুন পরিবর্তনগুলোকে গ্রহণ করতে কমিউনিটিগুলোকে উৎসাহিত করতে পাবলিক এডভোকেট হিসেবে আমি আমার কণ্ঠকে সোচ্চার করবো।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

এরিক এ. উলরিচ*- "কমন সেন্স" পার্টি

ইমিগ্রেশন:

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিষ্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভূক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তর: এ প্রসঙ্গে কোন সরকারি বক্তব্য দেখা যায়নি।

আবাসন:

প্রশ্ন) কমিউনিটির অপর্যাপ্ত অংশগ্রহণের মধ্য দিয়ে আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক ষ্টেট এবং নিউ ইয়র্ক সিটি তিন বিলিয়ন ডলারের ট্যাক্স ইনসেনটিভ প্রদানের চুক্তি স্বাক্ষর
করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তর: আমাজনের আগমণ সম্পর্কে উলরিচ (টষৎরপয) সংবাদপত্রে তার এক মতামতে লিখেছেন, "আমাজন বিশ্বের এই বৃহত্তম সিটিতে তাদের বিক্রয় কেন্দ্র চালু করার জন্য আসছে, এবং আমি এতে অনেক খুশি। এই প্রকল্প কুইন্স বরোতে ব্যবসা ক্ষেত্রে বিশাল বিকাশ সাধণ করবে এবং স্থানীয় জব মার্কেটে একটি ইতিবাচক দিকের সূচনা করবে। নিউ ইয়র্কাররা দেশের সর্ববৃহৎ ইন্টারনেট ভিত্তিক খুচরা বিক্রয়কারী প্রদিষ্ঠানটিতে চাকুরি পাওয়ার জন্য ভিড় করবে এবং এর কারণও আছে। আমাজন মাঝারি পর্যায়ের কর্মীদের জন্য ১৫০,০০০ ডলার বেতনে ২৫,০০০ নতুন কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতি দিয়েছে। আমাকে বিশ্বাস করুন, কাউকে দারিদ্র থেকে বের করে আনতে ছয় অংকের বেতন দেয়ার মতো সরকারি কোন উদ্যোগ নেই। এই একটি মাত্র কারণে আমাদের উচিত এ প্রকল্পকে সমর্থন করা।

শিক্ষা:

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তর: আমলাতান্ত্রিক হস্তক্ষেপ মুক্ত থেকে সন্তানদের কিভাবে শিক্ষা দেবেন তা পছন্দ করার অধিকার অবিভাবকদের রয়েছে। পাবলিক এডভোকেট হিসেবে আমি শিক্ষার্থীদের অধিকারের পক্ষে অবস্থান গ্রহণ করবো, বিশেষ করে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে যারা তাদের সন্তানদের বেসরকারি স্কুলে পাঠাতে চান এবং যারা বর্তমানে তাদের শিক্ষার অধিকারের জন্য লড়ছেন, আমি তাদের পক্ষাবলম্বন করবো। ধর্ম ভিত্তিক পরিবার, যারা তাদের সন্তানদের ইয়েশিভাস, ক্যাথলিক স্কুল অথবা অন্যান্য ধর্ম-বিশ্বাস ভিত্তিক স্কুলে পাঠাতে চান তাদের ক্ষেত্রে একমুখী-শিক্ষা কার্যকর নয়। এসব স্কুল তাদের শিক্ষার্থীদেরকে ইতোমধ্যে যে সুষ্ঠু শিক্ষা প্রদান করছে তা বিঘিড়বত করার আমলাতান্ত্রিক আইন আমাদের দূর করা প্রয়োজন।"

স্বাস্থ্যসেবা:

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উনড়বয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধক সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তর: এ প্রসঙ্গে কোন সরকারি বক্তব্য দেখা যায়নি।

ভোটের অধিকার:

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তর: এ প্রসঙ্গে কোন সরকারি বক্তব্য দেখা যায়নি।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

ডন স্মলস্-"নো মোর ডিলেস" পার্টি

ইমিগ্রেশন:

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিষ্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভূক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তর: সত্যিকার অর্থেই একটি ঝুঁকি দেখা দিয়েছে, যার ফলে জনগণ ধরে নিবে যে তাদের জন্য আবশ্যিক কর্মসূচির সুযোগ তারা গ্রহণ করতে পারবে না। সিটির জন্য এটা নিশ্চিত করা জরুরী যাতে ইমিগ্রেশন ষ্ট্যাটাস যাই থাকুক না কেন, যেসব দরিদ্র নিউইয়র্কারা প্রয়োজনীয় এসব কর্মসূচির সেবা গ্রহণের সুযোগ গ্রহণ করতে পারে।

আবাসন:

প্রশ্ন) কমিউনিটির অপর্যাপ্ত অংশগ্রহণের মধ্য দিয়ে আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক ষ্টেট এবং নিউ ইয়র্ক সিটি তিন বিলিয়ন ডলারের ট্যাক্স ইনসেনটিভ প্রদানের চুক্তি স্বাক্ষর করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তর: আমি বিশ্বাস করি না যে, ৯০ দিন সময় দিয়ে জনগণের অংশগ্রহণ এবং সিটি কাউন্সিলে ভোটের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের আগে এই চুক্তি বাস্তবায়িত হতে পারে বা হওয়া উচিত। তাছাড়া, ১৫০০ ইউনিটের অ্যাফোর্ডেবল হাউজিং এর জন্য প্রাথমিকভাবে পরিকল্পিত এই স্থানের বিকল্প কোন স্থান খুঁজে পাওয়ার আগে এই চুক্তি বাস্তবায়ন করা সম্ভব হবে না। সিটি কাউন্সিল কর্তৃক ভোটে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে আমি আমার অবস্থান থেকে পরিপূর্ণ স্বচ্ছতা ও এর উপর পূর্ণ বিতর্ক অনুষ্ঠানের দাবী করবো। আমি এঁটাও দাবী করবো যে, জেফ বেজোস তার মানবপ্রেমমূলক কাজের জন্য যে ভর্তুকি পান তার একটি অংশ নিউ ইয়র্ক সিটির 'ডে ওয়ান ফান্ড' এ দান করবেন। তার মানবপ্রেম হোমলেস পরিবারগুলোকে সহায়তা করার জন্য নিবেদিত, যা পাবলিক এডভোকেট হিসাবে আমার কাজের প্রধান একটি দিক।

শিক্ষা:

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তর: প্রত্যেক অভিভাবক তাদের সন্তানদের জন্য সেরা শিক্ষা লাভ করতে সেরা স্কুলে ভর্তি হওয়ার সুযোগ পেতে চান – কোন অভিভাবকই চান না যে তাদের সন্তান একটি নীতির পরীক্ষা নিরীক্ষার শিকার হোক। একজন অভিভাবক হিসেবে স্বয়ং আমি জানি যে, অভিভাবকরা তাদের সন্তানদের সম্ভাব্য সর্বোত্তম শিক্ষা নিশ্চিত করার জন্য তাদের পক্ষে যা করা সম্ভব, তাই তারা করবেন। পাবলিক এডভোকেট হিসেবে আমি ডিপার্টমেন্ট অফ এডুকেশনের প্রতি আহবান জানাবো শিক্ষার্থীরা যে স্কুলেই যাক না কেন, সকল শিক্ষার্থীর জন্য সমান সুযোগ সুবিধা নিশ্চিত করতে। 'ক্যাম্পেইন ফর ফিসক্যাল ইক্যুইটি'র আওতায় ষ্টেটের কাছে নিউ ইয়র্ক সিটির যে অর্থ পাওনা রয়েছে স্কুলের তহবিল সংস্থানের উদ্দেশ্যে আমি লড়ে যাবো, এবং আইনের একজন ছাত্র হিসেবে এজন্য একজন সহযোগী হিসেবে কাজ করতে পেরেছি বলে আমি গর্বিত। এছাড়া, পাবলিক এডভোকেট হিসেবে আমি ডিপার্টমেন্ট অফ এডুকেশনের উপর নজরদারি ও স্বচ্ছ জবাবদিহিতা নিশ্চিত করতে আমার অবস্থানকে কাজে লাগাবো।

স্বাস্থ্যসেবা:

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উন্নয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধকতা সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তর: ডিপার্টমেন্ট অফ হেলথ এন্ড হিউম্যান সার্ভিসেস এ অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট বাস্তবায়নে নেতৃত্ব দানকারী টিমের একজন সদস্য হিসেবে আমার অহঙ্কার করার মতো উদ্যোগ ছিল মেন্টাল হেলথ প্যারিটি অ্যাক্ট বিল উত্থাপন করা, যে আইনে লক্ষ লক্ষ আমেরিকানের শারীরিক স্বাস্থ্য সেবা লাভের নিশ্চয়তার পাশাপাশি একইভাবে মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হয়েছে। আমি মনে করি মানসিক স্বাস্থ্য সেবা লাভের জন্য কারো লজ্জিত বোধ করা উচিত নয় এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অনুবাদ সুবিধাসহ এ ধরনের সেবায় সকলের প্রবেশাধিকার থাকা উচিত।

ভোটের অধিকার:

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তর: ষ্টেটের আইনসভায় ভোট বিষয়ক সংস্কার আইন পাস হওয়ার ঘটনা নিউইয়র্কারদের জন্য বিরাট এক সূচনা। কিন্তু সংশ্লিষ্ট পেশাদার সিভিল সার্ভেন্টরা যতোক্ষণ পর্যন্ত যথাযথভাবে সেই সংস্কার আইন বাস্তবায়ন না করবেন ততোক্ষণ এই সংস্কার অর্থহীন। পাবলিক এডভোকেট হিসেবে বর্তমান ভোট সংস্কার যাতে যথাযথভাবে বাস্তবায়িত হয়, যাতে নিউইয়র্কাররা পরবর্তীতে ভোট দিতে এসে সত্যিকার অর্থেই পরিবর্তন দেখতে পায়, তা নিশ্চিত করতে আমি অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করবো। এছাড়া প্রথম দফা সংস্কারে যে নীতিগুলো বাদ পড়েছে সেগুলো পাস করানোর পক্ষে আমি পদক্ষেপ গ্রহণ করবো, এবং এটা নিশ্চিত করার চেষ্টা করবো সকল কমিউনিটি যাতে তাদের ভোট দেয়ার অধিকার পুরোপুরি প্রয়োগ করার ক্ষেত্রে প্রয়োজনীয় সেবাগুলো লাভ করতে পারে।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

রাফায়েল এল. ইসপিনাল জুনিয়র-“লিভেবল সিটি” পার্টি

ইমিগ্রেশন:

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে “পাবলিক চার্জ” এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, “পাবলিক চার্জ” এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভূক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তর: নিউ ইয়র্ক সিটি কাউন্সিলম্যান হিসেবে আমাদের সিটিকে একটি “স্যাঙ্কচ্যুয়ারি সিটি” হিসেবে অভিহিত করার উদ্যোগকে আমি সমর্থন এবং এই লক্ষ্যে কাজ করেছি। আমার উদ্যোগের অংশ হচ্ছে নিউ ইয়র্ক সিটিকে একটি “স্যাঙ্কচ্যুয়ারি সিটি” হিসেবে সংরক্ষণ করার কাজ অব্যাহত রাখা, যাতে মেডিকেইড ও ঝঘঅচ এর মতো সেবা যেসব ইমিগ্রান্টের জন্য প্রয়োজন তাদের জন্য সেই সেবাগুলো অব্যাহত থাকে। এছাড়া আমি আমার অবস্থান থেকে স্টেট আইনসভা ও গভর্ণরের কাছে নিবেদন করবো সমগ্র স্টেটের জন্য এ ধরনের আইন প্রণয়ন করতে।

আবাসন:

প্রশ্ন) কমিউনিটির অপর্যাপ্ত অংশগ্রহণের মধ্য দিয়ে আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটি তিন বিলিয়ন ডলারের ট্যাক্স ইনসেনটিভ প্রদানের চুক্তি স্বাক্ষর করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তর: আমি আমাজনের সঙ্গে চুক্তির সম্পূর্ণ বিপক্ষে। আমিই একমাত্র সিটি কাউন্সিল প্রতিনিধি, যে আমাজনকে সমর্থন করার চিঠিতে স্বাক্ষর করেনি। এই চুক্তির কারণে যারা ক্ষতিগ্রস্ত হবেন, এ ধরনের সকলকে এই চুক্তিতে অন্তর্ভূক্ত করা উচিত ছিল। আমি সম্পূর্ণভাবে বিশ্বাস করি যে, কমিউনিটির পূর্ণ সমর্থন ছাড়া জোনিং অথবা ভূমি ব্যবহার নীতি পরিবর্তন করা যেতে পারে না। আমিই প্রথম কাউন্সিলম্যান ছিলাম, যে সিটির নতুন রি-জোনিং পরিকল্পনা দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছি এবং পরবর্তীতে কমিউনিটিকে সামগ্রিকভাবে জড়িত করা ছাড়া এ পরিকল্পনাকে অগ্রসর হতে দেইনি।

শিক্ষা:

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তর: আমি বর্তমানে মেয়রের নিয়ন্ত্রণে চলমান ব্যবস্থার প্রবক্তা বা পক্ষে নই। কিছুদিনের জন্য মেয়রের নিয়ন্ত্রণে রাখার ব্যবস্থা ছিল এবং আমাদের শিশুদের শিক্ষা পরিস্থিতি এখনো ত্রুটিপূর্ণ। আমার মনে হয় অভিভাবক ও শিক্ষা

প্রবক্তাদের অংশগ্রহণের মধ্য দিয়ে সিটি কাউন্সিল কর্তৃক মনোনীতদের তালিকা থেকে কমিটি নিয়োগ করা পর্যন্তই মেয়রের এখতিয়ারের সীমা থাকা উচিত। এরপর এই নিয়োগ কমিটি, যার উপর দায়িত্ব ন্যস্ত থাকবে সিটি কাউন্সিল ও অন্যান্য সংশ্লিষ্টদের অনুমোদন নিয়ে স্কুলগুলোর জন্য একজন সুপারিন্টেডেন্ট নির্বাচন করা। একই কমিটি বাজেট ও কারিকুলাম সংক্রান্ত বিষয়ে নির্দেশনার জন্য দ্বি-বার্ষিক সভা অনুষ্ঠান করবে, যেসব সভায় অভিভাবক এবং সংশ্লিষ্ট অন্যান্যরা অংশগ্রহণ করবেন।

স্বাস্থ্যসেবা:

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উন্নয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধক সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তর: সকল ক্ষেত্রে মেডিকেয়ারের সাহায্যে মানুষের অসুস্থতা নিয়ে মুনাফা আহরণকারী বর্তমান ‘মুনাফার জন্য হেলথ ইন্স্যুরেন্স’ শিল্পের পরিবর্তনের আমি সমর্থক। পরিবর্তিত ব্যবস্থায় পকেট থেকে কোন অর্থ ব্যয় না করে, কোন কো-পে ছাড়াই জরুরী সার্জারি এবং প্রেসক্রিপশন ওষুধ থেকে মানসিক স্বাস্থ্যসেবা ও দাঁতের চিকিৎসা সহ সবকিছুর কভারেজ থাকবে। এই ব্যবস্থা সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং ‘পাবলিক চার্জ’ এর সিদ্ধান্তের মধ্যে অন্তর্ভূক্ত হবে না। আমি পাবলিক চার্জ নীতিতে কোন পরিবর্তন আনার সম্পূর্ণ বিরুদ্ধে, যে পরিবর্তন ইমিগ্রান্টদেরকে প্রয়োজনীয় ও জীবন রক্ষাকারী স্বাস্থ্যসেবা ও চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে।

ভোটের অধিকার:

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তর: এ নির্বাচন ভোটারদের অলসতা দূর করার ভালো একটি পন্থা। এই বিশেষ নির্বাচনে আগামী ২৬শে ফেব্রুয়ারী একজন পাবলিক এডভোকেট নির্বাচন করা হবে এবং একই দিনে আমরা একই পদে আগামী ২৫শে জুন আরেকটি নির্বাচনের তারিখ স্থির করার জন্য আমরা স্বাক্ষর সংগ্রহ শুরু করবো। আমি মনে করি, এই ভঙ্গুর ব্যবস্থাকে ঠিক করতে আমাদের জন্য সর্বোত্তম কাজ হবে যেভাবে ভালো কাজ হয় সেভাবে এ ব্যবস্থার পরিবর্তন ঘটানো। আমাদের আরো স্বচ্ছতা প্রয়োজন। ভোটের জন্য আমরা যে মেশিন ব্যবহার করি সেগুলো পরিবর্তন করে কম্পিউটারাইজড করা হবে এবং আগাম ভোট দানের নতুন দাবী পূরণ করা হবে। আমি ভোট কর্মীদের বেতন বৃদ্ধি করবো এবং খন্ডিত পরিবর্তন ব্যবস্থা বাস্তবায়ন করবো, যাতে অধিকতর মানুষকে সংশ্লিষ্ট করা যায়। তাছাড়া ষোল ও সতের বছর বয়সীদের ভোট প্রক্রিয়া কাজ করতে পারে সে সুযোগ সৃষ্টি করবো এবং ভোট কর্মীদের প্রশিক্ষণ সহজ করবো।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

রন কিম-"নো আমাজন" পার্টি

ইমিগ্রেশন:

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিষ্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভূক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তর: ট্রাম্প প্রশাসন কর্তৃক "পাবলিক চার্জ" এর সংজ্ঞা সম্প্রসারণ উদ্যোগের উদ্দেশ্য হচ্ছে যুক্তরাষ্ট্রে ইমিগ্রান্টদের জীবন কঠিণ করে তোলা। সরকারি সুবিধা গ্রহণকারী ইমিগ্রান্টদের শাস্তি বিধান করতে প্রশাসন সক্রিয়ভাবে ইমিগ্রান্টদের হুমকি দিয়ে যাচ্ছে। শেষ বার অনুরূপ একটি উদ্যোগ নেয়া হয়েছিল, যখন অন্তত একজন নন-সিটিজেন সন্তানসহ পরিবারের অর্ধেকের বেশি শিশু ঝঘঅচ এর বাইরে পড়ে যায়। কারণ তারা ভয় করছিল যে, ঝঘঅচ এর তালিকাভূক্ত পরিবারগুলোকে টার্গেট করা হচ্ছে। এই কঠোর নীতি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত করবে শিশুদেরকে। সিটি এবং ষ্টেটের দায়িত্ব রয়েছে এই পরিবারগুলোকে সমর্থন করার এবং সহায়তা কামনা করার জন্য প্রতিশোধ গ্রহণের মানসিকতা থেকে পরিবারগুলোকে রক্ষা করা। নিউ ইয়র্ক এর "স্যাঙ্কচ্যুয়ারি সিটি/ষ্টেট এর উদ্যোগের অংশ হিসেবে সিটির দেয়া সহায়তাকে প্রকাশ্যে ফেডারেল ইমিগ্রেশন কর্তৃপক্ষের সঙ্গে শেয়ার করা সঙ্গত হবে না।.

আবাসন:

প্রশ্ন) কমিউনিটির অপর্যাপ্ত অংশগ্রহণের মধ্য দিয়ে আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক ষ্টেট এবং নিউ ইয়র্ক সিটি তিন বিলিয়ন ডলারের ট্যাক্স ইনসেনটিভ প্রদানের চুক্তি স্বাক্ষর করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তর: আমাজনকে স্বাগত জানিয়ে মেয়রের চিঠিতে নিউ ইয়র্কের অন্যান্য অনেক নির্বাচিত প্রতিনিধি স্বাক্ষর করলেও আমি তাতে স্বাক্ষর করিনি। আমাজনের দ্বিতীয় হেডকোয়ার্টার চুক্তির বিরোধিতায় আমি প্রথম এবং সবচেয়ে সোচ্চার ছিলাম। এমনকি চুক্তির শর্তাবলী ঘোষণা করার আগেই আমি এর বিরুদ্ধে এ কারণে কথা বলেছি যে, এ ধরনের চুক্তি কমিউনিটির ব্যবসায়ের প্রয়োজনের সমাপ্তি ঘটাবে। যখন তিন বিলিয়ন ডলারের কর্পোরেট সাবসিডি প্রদান করা হবে, তখন জনগণের প্রয়োজনের চেয়ে কর্পোরেশনের প্রয়োজনকেই প্রাধান্য দেয়া হবে। বর্তমানে এখানে যেসব মানুষ বসবাস করছে, যাতে তাদেরকে অবমূল্যায়ন করা না হয় এবং জীবন ধারণের উপযোগী বেতন উপার্জনকারীরা যাতে উচ্চ বেতনের চাকুরিতে অংশগ্রহণের সুযোগ লাভ করে তা নিশ্চিত করার জন্য আমি কাজ করে যাচ্ছি। তাছাড়া, ট্যাক্সের অর্থ যাতে যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য ব্যবহৃত হয় তা নিশ্চিত করতে আমি আমার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাবো।

শিক্ষা:

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তর: একজন নির্বাচিত প্রতিনিধি যখন দেশের সর্ববৃহৎ একক কে-১২ শিক্ষা ব্যবস্থার উপর নজরদারি করেন তখন এটিকে আগে রাজনীতিকরণ সময়ের ব্যাপার মাত্র। আমাদের সন্তানরা রাজনৈতিক দরকষাকষির উপকরণ হতে পারে না। আমরা যে এতোটা বিভাজন সৃষ্টিকর পরিস্থিতির মোকাবেলা করছি তা আমাদের অর্থনৈতিক দ্বন্দ্বের ফল। অন্যদিকে আমাদের সকল স্কুলকে অর্থনৈতিকভাবে পরিপূর্ণ তহবিল সংস্থানের জন্য ম্যানহাটানের দুটি জিপ কোড এলাকার অর্থই যথেষ্ট। আমার বিশ্বাস আমাদের স্কুল ব্যবস্থার উপর অধিকতর স্থানীয় নিয়ন্ত্রণ প্রয়োজন। আমি প্রান্তিক কমিউনিটিগুলোর বক্তব্য শোনা এবং তা বিবেচনা করার বিষয় নিশ্চিত করবো।

স্বাস্থ্যসেবা:

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উনড়বয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধক সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তর: হাজার হাজার বছর ধরে মানসিক স্বাস্থ্যের চিকিৎসার ক্ষেত্রে বাধার মোকাবেলা করতে হয়েছে। যদিও বিগত শতাব্দীতে এক্ষেত্রে লক্ষ্যণীয় অগ্রগতি হয়েছে, তবুও এ ব্যাপারে আরো ব্যাপক শিক্ষার প্রয়োজন রয়ে গেছে। এটি বিশেষ করে নিউ ইয়র্কে যারা ইংরেজি ভাষী নয় তাদের ক্ষেত্রে সত্য, যেখানে লোকজন ২০টির অধিক এশীয় ভাষায় কথা বলে। পাবলিক এডভোকেট এবং একজন এশিয়ান আমেরিকান হিসেবে আমি মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে এমন কমিউনিটির সদস্যদের জন্য সোচ্চার ভূমিকা গ্রহণ ও এ উদ্দেশ্যে কাজ করবো। মানসিক স্বাস্থ্য সেবায় বিনিয়োগ বৃদ্ধির জন্য আমি জোরালো ভূমিকা রাখবো এবং সংশ্লিষ্ট রোগীদের সাংস্কৃতিভাবে উপযোগী সেবা প্রদানের লক্ষ্যে কেএসসি (কঝঈ) এর মতো গ্রুপগুলোকে সহায়তা প্রদান অব্যাহত রাখবো।

ভোটের অধিকার:

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তর: ভোটারদের কাছে সামঞ্জস্যপূর্ণভাবে অনেকবার পৌছতে পারলে তারা ভোট দানে অংশগ্রহণ করতে অধিক আগ্রহী হয়। এসেম্বলির একজন সদস্য হিসেবে আমি ব্যালট পেপারে বিভিনড়ব ভাষা যুক্ত করার উদ্যোগ বৃদ্ধি করাকে সমর্থন করেছি। যেসব এলাকায় ইংরেজি-ভাষী নয় এমন লোক সংখ্যা বিপুল, বোর্ড অফ ইলেকশনকে সেসব এলাকার ভোট কেন্দ্রে পর্যাপ্ত সংখ্যক অনুবাদ কর্মীর ব্যবস্থা করতে হবে। আমার নির্বাচনী অভিযানে ইমিগ্রান্ট ভোটারদেরকে অগ্রাধিকার দেয়ার উপর গুরুত্ব দেয়া হয়েছে, যাদেরকে ঐতিহাসিকভাবে রাজনৈতিক প্রক্রিয়ার বাইরে রাখা হয় এবং তাদেরকে অগ্রাহ্য করা হয়। ইংরেজি বলতে না পারাকে নির্বাচন থেকে বাদ দেয়ার কারণ হতে পারে না। এই লক্ষ্যে আমি বিভিনড়ব ভাষায় নির্বাচনী উপকরণ সরবরাহের ব্যবস্থা করবো এবং বিভিনড়ব ভাষার মিডিয়ার সাথে যোগাযোগ রেখে কাজ করবো।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

জুমানি ডি উইলিয়ামস্-"ইট্স টাইম লেট্স গো"পার্টি

ইমিগ্রেশন:

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিষ্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভূক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তর: সিটির উচিত সকল উপায় ও উপকরণ ব্যবহার করে এই পরিবর্তনের বিরোধিতা করা। ইমিগ্রান্টদের খাদ্য, আবাসন ও চিকিৎসা সুবিধাকে বাধাগ্রস্ত করে তাদেরকে গ্রীন কার্ড পাওয়ার এবং তাদের পূর্ণ নাগরিক হওয়ার সুযোগকে ঝুঁকিপূর্ণ করার উদ্দেশ্যেই এই নীতি গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

আবাসন:

প্রশ্ন) আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য সেখানকার কমিউনিটিকে না জানিয়ে এবং তাদের পর্যাপ্ত অংশগ্রহণ ছাড়াই গত দুই বছরে আমাজনকে তিন বিলিয়ন ডলারের প্রনোদনা দিতে নিউ ইয়র্ক ষ্টেট এবং নিউ ইয়র্ক সিটি চুক্তি স্বাক্ষর করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তর: আমি এর বিরোধিতা করি। মেয়র কর্তৃক পুনরায় এ ধরনের গোপন চুক্তি স্বাক্ষর নিষিদ্ধ করার জন্য আমি একটি আইনের প্রস্তাব উত্থাপন করেছি। বিদ্যমান চুক্তি বাতিল করে লং আইল্যান্ড সিটির কমিউনিটির নেতৃত্বে একটি নতুন চুক্তি প্রতিস্থাপিত হয়েছে। আমাজনকে দেখাতে হবে যে তারা একটি অংশীদারে পরিণত হবে, যেখানে আমাজনের কর্মচারিদের জন্য ইউনিয়ন দ্বারা চাকুরির নিরাপত্তার স্বীকৃতি থাকতে হবে। ইউএলইউআরপি (টখটজচ) প্রক্রিয়ায় পাবলিক এডভোকেট পদের একটি ভূমিকা থাকা উচিত, যেখানে কমিউনিটি এক্টিভিষ্টদের জন্য একটি সুযোগ থাকবে ভূমি ব্যবহার সম্পর্কে তাদের বক্তব্য তুলে ধরার জন্য। আমি 'ম্যান্ডাটরি ইনক্লুশনারি হাউজিং' পুনরায় চালু করবো এবং কমিউনিটির প্রয়োজনে তাদেরকে অধিকতর সংশ্লিষ্ট করার জন্য এটিকে পুনর্গঠণ করবো। এ ধরনের প্রস্তাবের উপর আলোকপাত করার জন্য আমি আমার ক্ষমতাকে কাজে লাগাবো – যাতে কমিউনিটি প্রায়শঃ এ থেকে সুবিধা লাভ করতে পারে, কারণ কেউ তাদের প্রতি মনোযোগ দেয় না।

শিক্ষা:

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তর: অভিভাবকরা তাদের সন্তানদের শুধুমাত্র এজন্য স্কুলে পাঠায় না যে শিক্ষার ব্যাপারে তাদের কোন বক্তব্য থাকবে না। সন্তানদের সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অভিভাবকদের অবশ্যই সামনে ও কেন্দ্রস্থলে থাকতে হবে, তা যেখানে প্রয়োজন আইইপি'র (ওউচ) স্থাপনার মধ্যে হতে পারে, অথবা প্রশাসক বা শিক্ষকরা যখন কোন কর্মসূচি সম্পর্কে সিদ্ধান্ত নেন বা শিক্ষার্থীকে কোন কাজ দেন তখন অভিভাবকদের সেখানে উপস্থিত থাকার সুযোগ রাখতে হবে। আমার শিক্ষকের শিক্ষা দানের সময় আমার মায়ের সংশ্লিষ্টতা যেখানে থাকবে না, আমি সেখানে থাকবো না। আজ আমি উদ্বিগড়ব যে, শিক্ষকদের যদি পরীক্ষা গ্রহণের জন্য বাধ্য করা হতো, তাহলে আমি ব্রুকলিন টেক এ উপস্থিত হওয়ার সুযোগ পেতাম না। স্কুলে আমার ডাক নাম ছিল "প্রয়োজনীয় উনড়বয়ন।"

স্বাস্থ্যসেবা:

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উনড়বয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধক সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তর: আমাদেরকে মানসিক অসুস্থতা ও মানসিক স্বাস্থ্যের মধ্যে পার্থক্য নির্ণয় করতে হবে। কেউ যদি মানসিক অসুস্থতার সাথে লড়তে থাকে, সেক্ষেত্রে তাদের স্বাস্থ্য সেবা গ্রহণ গুরুত্বপূর্ণ বিষয় এবং তাদের সেবা তাদের নিজেদেরই নেয়া প্রয়োজন। মানসিক স্বাস্থ্য এমন একটি বিষয়, যা প্রত্যেক ব্যক্তির শারীরিক চিকিৎসা সেবা নেয়ার

মতো মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে নেয়া প্রয়োজন। আমাদের উচিত এই আলোচনাকে ক্রটিমুক্ত করতে সক্রিয় হওয়া। পাবলিক এডভোকেট সিটি এজেন্সিগুলোতে তার তদন্তকারীর ক্ষমতা কাজে লাগাতে পারে যে তারা ভাষাগত বাধা সত্ত্বেও সকল নিউইয়র্কারের প্রতি তাদের কর্তব্য পালন করছে এবং প্রয়োজনীয় সেবা প্রদান করছে। কোন দোষক্রটির বাধা মোকাবেলা করার জন্য গুরুত্বপূর্ণ হচ্ছে সমস্যা নিয়ে আলোচনা করা এবং এটি প্রদর্শন করা যে মানসিক স্বাস্থ্য মানসিক স্বাস্থ্য শারীরিক স্বাস্থ্যের মতোই গুরুতর এবং একই সঙ্গে স্বাভাবিক। কিন্তু কমিউনিটির মধ্য থেকে জোরালোভাবে বক্তব্য আসতে হবে। কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ও নেতৃবৃন্দের সঙ্গে আমি আগ্রহের সঙ্গে তাদের অংশীদার হয়ে কাজ করতে এবং এই বার্তা ছড়িয়ে দিতে আমার অবস্থানের সকল উপায় উপকরণ কাজে লাগাতে প্রস্তুত।

ভোটের অধিকার:

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তর: আমি আনন্দিত যে নতুন ডেমোক্রেটিক ষ্টেট আইনসভা ভোটের অধিকার সংস্কার সংক্রান্ত আইন জরুরী ভিত্তিতে পাস করেছে এবং আমি তাদের অংশীদার হিসেবে প্রত্যেক নিউইয়র্কারের বক্তব্য শোনার অধিকারের পক্ষে রয়েছি। এটি প্রথম একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এজন্য আমি ষ্টেটের প্রশংসা করি। কিন্তু আমাদেরকে আরো অগ্রসর হতে হবে।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

মাইকেল এ. ব্লেইক-"ফর দি পিপল" পার্টি

ইমিগ্রেশন:

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভুক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তর: জ্যামাইকান ইমিগ্রান্টদের গর্বিত পুত্র হিসেবে আমার দায়িত্ব ও ন্যায় নিশ্চিত করার প্ল্যাটফর্ম হচ্ছে ইমিগ্রেশন স্ট্যাটাস নির্বিশেষে সকল নিউইয়র্কার। একজন এসেম্বলি মেম্বার হিসেবে আমি ট্রাম্প প্রশাসনের প্রস্তাবিত
"পাবলিক চার্জ" আইনের বিরুদ্ধে জোরালো বিরোধিতামূলক বক্তব্য পেশ করেছি। এই উদ্যোগ বৈধ ইমিগ্রেশন কঠিণ করার জন্য এবং পরিবারকে বিভাজিত করার উদ্দেশ্যে গ্রহণ করা হয়েছে। নিউ ইয়র্ককে দৃঢ়তার সঙ্গে বিধি পরিবর্তনের বিরোধিতায় অবতীর্ণ হয়ে এর বৈধতা চ্যালেঞ্জ করার জন্য আইনি ব্যবস্থা গ্রহণের বিষয়ও বিবেচনা করতে হবে।
প্রস্তাবিত আইন পাস হলে আনুমানিক ৬৫,০০০ থেকে ১১৫,০০০ ইমিগ্রান্ট নিউইয়র্কার, যারা বিভিনড়ব সুবিধা ও সেবা লাভ করছে তা থেকে বঞ্চিত হবে এবং ৪৫,০০০ শিশু চরম দারিদ্রের কবলে পড়বে। এটা যাতে না হয় তা নিশ্চিত করার জন্য আমি সিবিও (ঈইঙ), বিভিনড়ব এজেন্সি এবং সিটি হলের সঙ্গে কাজ করবো। স্বাস্থ্য সেবা এবং মৌলিক পুষ্টি লাভের মৌলিক মানবিক অধিকারকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে।

আবাসন:

প্রশ্ন) কমিউনিটির অপর্যাপ্ত অংশগ্রহণের মধ্য দিয়ে আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটি তিন বিলিয়ন ডলারের ট্যাক্স প্রনোদনা প্রদানের চুক্তি স্বাক্ষর করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তর: আমাজনের মতো একটি প্রতিষ্ঠানের আগমণে যে কমিউনিটি সবচেয়ে ক্ষতিগ্রস্ত হবে তাদেরকে অন্ধকারে রেখে গোপনে আমাজনের সঙ্গে চুক্তি করা কখনোই উচিত হয়নি। আমাজনের ব্যাপারে আমি অধিকতর স্বচ্ছতা এবং জনগণের অংশগ্রহণের দাবী জানাবো। একটি দৃষ্টান্ত দ্বারা আমাজনকে জবাবদিহিতার মধ্যে আনতে হবে যে, তারা যে কর্মসংস্থানের প্রতিশ্রুতি দিয়েছে যাদের চাকুরি প্রয়োজন, তারা কি সেসব চাকুরি পাবে, বিশেষ করে নারী এবং ভিনড়ব গাত্রবর্ণের লোকজন? গভর্ণর এবং মেয়র কর্তৃক গঠিত কমিউনিটি এভিাইজরি কমিটি অবকাঠামোর প্রয়োজন এবং অগ্রাধিকার স্থির করার ক্ষেত্রে কমিউনিটির বক্তব্য শোনার জন্য অপর্যাপ্ত। পাবলিক এডভোকেট হিসেবে আমি আমার তদন্ত কর্তৃপক্ষকে কাজে লাগাবো প্রয়োজনীয় ডাটা সরবরাহ করতে এবং কমিউনিটির সংশ্লিষ্টদেরকে পরিকল্পনা সম্পর্কে এজেন্সিগুলোকে অবহিত করতে এবং কমিউনিটি বোর্ডগুলোর সঙ্গে প্রকল্প পরিকল্পনা ও এডভাইজরি কমিটির সরাসরি যোগাযোগ স্থাপন করতে।

শিক্ষা:

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তর: আমাদের সন্তানরা আমাদের কমিউনিটির ভবিষ্যৎ এবং তাদের সরকারি শিক্ষা লাভের সুযোগ কমিউনিটির অগ্রাধিকার। ডেভিস ব্যাঙ্কস এর মতো ব্যক্তি, যিনি সহযোগিতা বৃদ্ধির উদ্যোগ হিসেবে অ্যাগেল একাডেমির শনিবারের সকালের ব্রেকফাস্ট এর সময় অভিভাবকদের সাথে যোগাযোগ রক্ষার সভায় উপস্থিত থাকতেন, তার নিকট থেকে শিখে আমি সমগ্র সিটিতে একই ধরনের দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে চাই। আমাদেরকে অবশ্যই অভিভাবক
ও শিক্ষার্থীদের অধিকতর জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। বিশেষ করে যারা প্রান্তিক কমিউনিটি থেকে আসে। আমি লোকেশন এবং কো-লোকেশন সিদ্ধান্তের ক্ষেত্রে সিইসি'র (ঈউঈ) ভূমিকা, স্কুল-ভিত্তিক বাজেট তৈরির ক্ষেত্রে এসএলটি'র (ঝখঞ) ক্ষমতায়ন, এবং স্কুলগুলোর দ্বারা বড় ধরনের শিক্ষাগত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে অভিভাবক ও সংশ্লিষ্টদের জন্য ডিপার্টমেন্ট অফ এডুকেশনের মাধ্যমে নোটিফিকেশন ব্যবস্থা বাস্তবায়নকে সমর্থন করি। আমি 'ইয়ুথ-এডাল্ট স্টুডেন্ট ওয়ার্কিং গ্রুপ'কে সমর্থন করি। কারণ ছাত্ররা শিক্ষার উনড়বয়নের জন্য গুরুত্বপূর্ণ প্রস্তাব দিয়ে থাকে। এছাড়া একটি "স্টুডেন্ট ইন্টিগ্রেশন এন্ড ইক্যুইটি' সংগঠন সৃষ্টি করলে তারা ভবিষ্যতে প্রান্তিক প্রেক্ষাপটে মৌলিক ভূমিকা পালন করতে পারে।

স্বাস্থ্যসেবা:

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উনড়বয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধক সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তর: এটি অত্যন্ত হৃদয় বিদারক বাস্তবতা যে নিউ ইয়র্কে ১৫ বছর থেকে ২৪ বছর বয়সী এশিয়ান আমেরিকানদের মধ্যে দ্বিতীয় প্রধান মৃত্যুর কারণ আত্মহত্যা। এশিয়ান আমেরিকান তরুণদের সহায়তা দান ও রক্ষা করার জন্য মানসিক স্বাস্থ্য সেবার সুযোগ নিশ্চিত করাকে অবশ্যই সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে বিবেচনা করতে হবে। পাশ্চাত্যের ধারণার প্রতি কুসংস্কারের মনোভঙ্গি দূর করার জন্য মানসিক স্বাস্থ্যের উপর ভাষাগত ও সাংস্কৃতিকভাবে উপযুক্ত শিক্ষা কর্মসূচিতে আরো বিনিয়োগ করে আমাদেরকে অবশ্যই এ পরিস্থিতির মোকাবেলা করতে হবে। এছাড়া এশিয়ান নেতৃত্বে ও এশিয়ানদের জন্য কাজ করছে এমন সংগঠনগুলোর কাজের জন্য তহবিল সংস্থান করতে হবে, যাতে তারা যোগ্য মানসিক স্বাস্থ্য সেবাদানকারী নিয়োগ করতে পারে এবং সীমিত ইংরেজি বলতে পারে এমন জনগোষ্ঠীকে সহায়তা করার জন্য মূলধারা স্বাস্থ্য সেবাদানকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

ভোটের অধিকার:

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তর: আমাদের গণতন্ত্রে ভোট প্রদান করা অত্যন্ত পবিত্র অধিকার এবং এ অধিকারকে অবশ্যই সতর্কতার সঙ্গে সংরক্ষণ করা উচিত। স্টেট এসেম্বলিম্যান হিসেবে আমি ভোটারদের অধিকার সংরক্ষণ এবং ভোটারকে অবদমন বা ভীতি প্রদর্শন দূর করার লক্ষ্যে একটি বিল উত্থাপন এবং সেটি পাস করার ক্ষেত্রে ভূমিকা রেখেছি। পাবলিক এডভোকেট হিসেবে এই প্রচেষ্টাগুলোকে বাস্তবায়ন করতে আমি আগাম ভোট দান, ডাকযোগে ভোট দান, স্বয়ংক্রিয় উপায়ে ভোটার রেজিস্ট্রেশন এবং একই দিনে রেজিস্ট্রেশনের মতো বিষয়গুলোকে এগিয়ে নিতে সচেষ্ট
হবো। তাছাড়া আমি র‌্যাঙ্ক ক্যান্ডিডেট এবং রানঅফ এর পক্ষে প্রচারণা চালাবো। ভোটারদের ভোট দেয়ার সময় যাতে দীর্ঘ না হয়, ভোটিং মেশিন ঠিকভাবে কাজ করে, ভোট কর্মীদের মানসম্পনড়ব প্রশিক্ষণ এবং স্থানীয় কমিউনিটির প্রয়োজেনর সঙ্গে সঙ্গতিপূর্ণ অনুবাদ সেবা নিশ্চিত করার জন্য আমি বোর্ড অফ ইলেকশনের উপর চাপ সৃষ্টি করবো। তদুপরি আমাদেরকে নিশ্চিত করতে হবে যে ভোট কেন্দ্রগুলো যাতে প্রতিবন্ধী ভোটারসহ প্রত্যেকের জন্য সুগম হয়।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।

২০১৯ সালে নিউ ইয়র্ক সিটির পাবলিক এডভোকেট পদপ্রার্থীদের উপর পরিচালিত জরিপের উত্তর

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

ড্যানিয়েল জে, ও'ডোনেল*-"ইকুয়্যালিটি ফর অল" পার্টি

ইমিগ্রেশনঃ

প্রশ্ন) ফেডারেল পর্যায়ে "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে যেসব মানুষ মেডিকেইড ও সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিষ্ট্যান্স প্রোগ্রামের (ঝঘঅচ) মতো কর্মসূচির উপর নির্ভরশীল, "পাবলিক চার্জ" এর সংজ্ঞার আওতা সম্প্রসারণ করে তাদেরকে অন্তর্ভূক্ত করার জন্য ফেডারেল পর্যায়ে সম্প্রতি আন্দোলন হয়েছে। এই পরিবর্তনের প্রেক্ষিতে সিটির অবস্থান কেমন হওয়া উচিত?

উত্তরঃ এ প্রসঙ্গে কোন সরকারি বক্তব্য দেখা যায়নি।

আবাসনঃ

প্রশ্ন) কমিউনিটির অপর্যাপ্ত অংশগ্রহণের মধ্য দিয়ে আমাজনকে লং আইল্যান্ড সিটিতে আনার জন্য গত দুই বছরে নিউ ইয়র্ক ষ্টেট এবং নিউ ইয়র্ক সিটি তিন বিলিয়ন ডলারের ট্যাক্স ইনসেনটিভ প্রদানের চুক্তি স্বাক্ষর করেছে। আমাজন সম্পর্কে আপনার অবস্থান কি? কমিউনিটির কণ্ঠকে জোরালো করার জন্য আপনার পরিকল্পনা কি, যখন তাদের নেইবারহুডে জোনিং ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে এর প্রভাব পড়ে?

উত্তরঃ আমাজনের সাথে চুক্তির চিঠি স্বাক্ষর করার জন্য যখন (বিল ব্লাজিও) আমার কাছে চিঠি পাঠান তখন আমি অস্বীকৃতি জানাই। একজন পাবলিক এডভোকেট হিসেবে আমি আগে তদন্ত করে দেখবো যে বোর্ড অফ ষ্ট্যান্ডার্ডস এন্ড আপিলস জনগণের স্বার্থে অথবা রিয়েল এষ্টেট ডেভেলপারদের স্বার্থে আসলে এ সম্পর্কিত কোন সিদ্ধান্ত ইস্যু করেছে কি না। (ঘণঈঈঝই চঁনষরপ অফাড়পধঃব উবনধঃব ২/৬/১৯)

শিক্ষাঃ

প্রশ্ন) এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থার সংস্কারের জন্য যখন সিটি ব্যাপী সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, সেক্ষেত্রে কমিউনিটির, বিশেষ করে প্রান্তিক কমিউনিটিগুলোর অধিকতর সংশ্লিষ্টতা নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কী?

উত্তরঃ ঝঐঝঅঞ পরীক্ষা সম্পর্কে মেয়র যা করতে চান আমি তা সমর্থন করি না। কিন্তু আমি রাজনীতি সম্পর্কে যথেষ্ট জানি যে, একটি সমস্যার অস্তিত্ব রয়েছে তা স্বীকার না করা পর্যন্ত কেউ সমস্যার সমাধান করতে পারে না। ওই পরীক্ষার সমস্যা দূর করতে হলে আমাদেরকে বিভিনড়ব দিকের প্রতি দৃষ্টি দিতে হবে এবং এবং এটি সরাসরি নির্মূল করার জন্য ষ্টেট আইনসভাকে তা করতে হবে এবং সেটি হবে এক জটিল যুদ্ধ। আমি বিভিনড়ব পরিবারের কথা শুনি – আমার নির্বাচনী এলাকার অনেক পরিবারের সন্তান যেসব স্কুলে যায়, তা আমি জানি। কিন্তু আমাদেরকে দেখতে হবে যে, আমরা মানুষকে কিভাবে বিভিনড়ব পদ্ধতিতে গ্রহণ করি। (ঘণঈঈঝই চঁনষরপ অফাড়পধঃব উবনধঃব ২/৬/১৯)

স্বাস্থ্যসেবাঃ

প্রশ্ন) মানসিক স্বাস্থ্য সেবার উনড়বয়নে এবং এশিয়ান প্যাসিফিক আমেরিকান কমিউনিটিগুলোর স্বাস্থ্য সেবা লাভের ক্ষেত্রে যেসব সাংস্কৃতিক কালিমা ও ভাষা প্রতিবন্ধক সৃষ্টি করছে সেগুলো দূর করার ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি?

উত্তরঃ এ প্রসঙ্গে কোন সরকারি বক্তব্য দেখা যায়নি।

ভোটের অধিকারঃ

প্রশ্ন) নিউ ইয়র্ক সিটির যেসব ভোট কেন্দ্রে ভোটারদের উপস্থিতি হার কম থাকে সেসব স্থানে পর্যাপ্ত অনুবাদ সেবা, প্রশিক্ষিত নির্বাচন কর্মী এবং ভোটিং মেশিনের কাজ সম্পর্কে ভোটারদের অবহিত করার মতো কাজ নিশ্চিত করতে আপনার পরিকল্পনা কি? নিউ ইয়র্ক সিটিতে ভোটার অবদমন যথাসম্ভব সীমিত রাখা নিশ্চিত করতে আপনার সক্রিয় পদক্ষেপ কি হবে?

উত্তরঃ এ প্রসঙ্গে কোন সরকারি বক্তব্য দেখা যায়নি।

এপিএ ভয়েস (APA VOICE – Voting and Organizing to Increase Civic Engagement)২০১৯ সালের নিউ ইয়র্ক এর পাবলিক এডভোকেট বিশেষ নির্বাচনে পাবলিক এডভোকেট পদে প্রার্থীদের উপর যে জরীপ পরিচালনা করেছে তা সম্পূর্ণ তথ্য সংগ্রহের উদ্দেশ্যে। ১/২২/২০১৯ তারিখ পর্যন্ত যেসব প্রার্থী ৮০,০০০ ডলারের অধিক তহবিল সংগ্রহ করে নির্বাচনী অভিযান পরিচালনা করেছেন তাদের সঙ্গে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করে প্রত্যেককে একই ধরনের প্রশ্নমালা পাঠিয়ে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য অনধিক ১২০ শব্দ সীমা ও এক সপ্তাহ সময় বেঁধে দেয়া হয়েছিল। যেসব প্রার্থী এই সময়সীমার মধ্যে জরীপে সাড়া দেননি অথবা সাড়া দিতে অস্বীকার করেছেন, তাদের অবস্থান অনলাইনে প্রাপ্ত তথ্য থেকে সংগ্রহ করে দেয়া হয়েছে। এপিএ ভয়েস একটি নিরপেক্ষ সংগঠন এবং কোন রাজনৈতিক দল বা প্রার্থীর সমর্থক নয়)।